গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০২.২৩-১৭৮(৪৫)

তারিখ: ০৫/১১/২০২৩ খ্রিঃ।

**"সভার নোটিশ "**

আগামী ০৮/১১/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল- ১০.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব কৃষ্ণপদ ঘোষ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
২। উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
৩। বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন
৪। বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি
৫। মানসম্মত শিক্ষা বিস্তারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা
৬। বিবিধ।

05.11.2023
রুনু সাহা
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল।

প্রাপক :
০১। মাননীয় সংসদ সদস্য-৯৩, নড়াইল-১
০২। মেয়র, কালিয়া পৌরসভা, কালিয়া, নড়াইল।
০৩। উপজেলা-.. ............................................অফিসার,কালিয়া, নড়াইল।
০৪। চেয়ারম্যান, ..........................................ইউনিয়ন পরষদ, কালিয়া, নড়াইল।
০৫। জনাব.........................................................................................., কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় : উপজেলা পরিষদের নভেম্বর/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ : ০৮/১১/২০২৩ খ্রিঃ।
সময় : বেলা-১১.৩০ টা।
স্থান : কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি : কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বলেন যে, গণতন্ত্রের মানসকন্যা জননেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব ও দিকনির্দেশনায় নিজেস্ব অর্থায়নে স্বপ্নের পদ্মা সেতুসহ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ট্যানেল এর মত বৃহৎ অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং আগামী ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গঠনে নানামুখী কার্যক্রম গৃহীত হয়েছে। এ সকল কার্যক্রম বাস্তবায়ন উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ পর্যায়ে তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত ০৪/১০/২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা : বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য ( ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপির ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর গৃহীত ৪টি প্রকল্পের টেন্ডার কার্যক্রম চলমান আগামী ১৯/১১/২০২৩ খ্রিঃ তারিখে সম্পন্ন হবে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে, চলমান ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপির ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেলে উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভা আহ্বানের মাধ্যমে উপজেলার প্রতিটি ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ স্থানগুলোতে উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ পূর্বক সরজমিনে তদারকির মাধ্যমে শতভাগ স্বচ্ছতার সহিত প্রকল্পের কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, করাত কল বিধি মালা-২০১২ অনুযায়ী অবৈধ করাত কল উচ্চেদের জন্য মোবইল কোর্ট পরিচালনা করে আইনগহত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রশাসনকে অনুরোধ করেন। তিনি আরো জানান ২০০১-২০০২ সনের মহাজন ক্লিনিক হতে ইসলামপুর পর্যন্ত ১০.০০ কিঃ মিঃ বাঁধ বাগান নিলাম কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার সকল করাত কলের লাইসেন্স করার ব্যবস্থা গ্রহণে ফরেষ্টার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে তার দপ্তর সবসময় সচেষ্ট রয়েছে। তিনি আরো বলেন এস, এস, সি পরীক্ষা আসন্ন। এস, এস,সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকল বিদ্যালয়ের শিক্ষার্থীদের টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। যদি কোন শিক্ষার্থী টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হতে না পারে তাদের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণের প্রস্তাব করা হয়। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে শিক্ষার্থীদের এস,এস,সি পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকল বিদ্যালয়কে নীতিমালা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরীক্ষাকেন্দ্র নকল মুক্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য সভার পক্ষ হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, সামনে সংসদ নির্বাচনকে সামনে রেখে তার দপ্তর হতে গৃহীত প্রকল্পের কাজ যথা সময়ে সমাপ্ত হবে। পাশাপাশি গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (কাবিখা/টিআর) প্রকল্পের কাজ চলমান আছে। সভায় আলোচনা হয় যে, যে সকল ইউনিয়নের নদীতে কচুরিপানা বিদ্যমান থাকায় নদীতে পানির প্রবাহ বিঘ্নিত হচ্ছে সে সকল ইউনিয়নকে নদীর পানির প্রবাহ যাতে বিঘ্নিত না হয় সে জন্য নদীর কচুরিপানা অপসারনের জন্য টিআর বরাদ্দ হতে বাধ্যতামূলকভাবে প্রকল্প গ্রহণ করতে হবে। উক্ত বরাদ্দের আলোকে গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নে তার দপ্তর সর্বদা সচেষ্ট রয়েছে বলে জানান। এ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দসমূহের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে এবং শতভাগ স্বচ্ছতার সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, এই বৎসর তার দপ্তর হতে ৫,৭৫০ জন কৃষদের মাঝে প্রনোদনা দেওয়া হয়েছে। ৩,৬০০ জন কৃষকে উপজেলা পর্যায়ে হাইব্রিড ধানের বীজ বিতরণ হবে। উক্ত প্রনোদনা প্রদানের জন্য তিনি ইউনিয়ন চেয়ারম্যানগনের সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন অত্র উপজেলায় ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি সরবরাহ কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার কৃষকদের মাঝে সকল কৃষি উপকরণ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরিক কাজ চলমান রয়েছে। ডেঙ্গু মোকাবেলায় কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়নের লোকজনের সচেতনতা বৃদ্ধি করতে হবে। যে সকল স্থানে পানি জমে থাকে সেখানে এডিস মশা ডিম পাড়ে। উক্ত স্থান গুলো থেকে পানি অপশারনের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ডেঙ্গু জ্বর মোকাবেলায় এডিস মশা নিধন কল্পে প্রতিটি ইউনিয়নে পানি জমে থাকা স্থান হতে পানি অপশারনের ব্যবস্থাসহ স্ব স্ব ইউনিয়ন চেয়ারম্যনদের তার ইউনিয়নের প্রতিটি পরিবারের সদস্যদের সচেতন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া উপজেলার অর্ন্তগত সকল ইউনিয়নে পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য কার্যক্রম চলমান রয়েছে। তার দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক গতিতে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি বলেন, তার দপ্তর হতে বিগত ২০২২-২০২৩ অর্থ বছরে ১৬০ জনকে এবং ২০২৩-২০২৪ অর্থ বছরে বিকল্প কর্মসংস্থানের জন্য ২০ জন জেলেদের মাঝে ভ্যান বিতরণ করেছেন। পাশাপাশি ০৩টি জলাশয়ের অভয় আশ্রমের কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জেলেদের বিকল্প কর্মসংস্থানের পাশাপাশি কারেন্ট জাল এবং চায়না জাল নিধনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনায় উপজেলা মৎস্য অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২৩ সালে প্রথম এবং ২০২৪ সালে দ্বিতীয় শ্রেণীর বইয়ের কারুকলাম পরিবর্তন হচ্ছে। ২০২৩ সালের জানুয়ারি হতে জুন পর্যন্ত শিক্ষা বৃত্তি সঠিক সময়ে শিক্ষার্থীদের মোবাইল ফোনের একাউন্টে চলে যাবে। শিক্ষা অফিসের আওতাভুক্ত যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ভবনের নির্মাণ কাজ চলমান আছে সেখানে উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইল এর সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে শিক্ষার মনোন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, যে সকল ভাতাভোগী ভাতা পাচ্ছেন না তাদের নামের তালিকা স্ব স্ব ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়েছে। ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশনের কাজ চলমান রয়েছে। যে সকল ভাতাভোগী লাইফ ভেরিফিকেশন করেন নাই তাদের নির্দিষ্ট সময়ের মধ্য লাইফ ভেরিফিকেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কালিয়া উপজেলার প্রতিটি ইউনিয়নের যে সকল ভাতাভোগী ভাতা পাচ্ছেন না তাদের তথ্য পর্যবেক্ষণ করে ভাতা পাওয়ার ব্যবস্থা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, চলতি অর্থ বছরে অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত প্রশিক্ষণ প্রাপ্ত যুব/যুব মহিলাদের মাঝে ৩,৪০,০০০/- টাকা ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি চলতি অর্থবছরে অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ২০জন যুব/যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। তিনি আরো জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে আত্মকর্মসংস্থানের জন্য প্রতিটি ইউনিয়নের যুব/যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদানকরে ঋণ বিতরণের মাধ্যমে তাদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে উপজেলা যুব উন্নয়ন অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীতে তার দপ্তর হতে ২৩৭ জনের ডাটা এন্ট্রি সম্পন্ন সাপেক্ষে ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ভিডব্লিউবি কার্যক্রমে ২৩৬৩ টি উপকারভোগীর মাঝে চাউল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। পাশাপাশি তিন মাস অন্তর দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ প্রদান করার কার্যক্রম চলমান আছে। তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে তার দপ্তর হতে আত্মকর্মসংস্থানের জন্য যে প্রশিক্ষণের ব্যবস্থা আছে এবং তার দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের সভার পক্ষ হতে আবারো অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান- ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩৬৪ টি গভীর নলকূপের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। কালিয়া উপজেলায় ১৮ (আঠারো)টি সাবমার্সিবল পাম্প ও ওভারহেড ট্যাংকের কাজ দ্রুত শুরু হবে। বর্তমানে "পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন" প্রকল্পে মোট ৭৪৭ টি গভীর নলকূপ সিএস অনুমোদন হলে দ্রুত কাজ শুরু হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত বিষয়গুলি যথাযথভাবে বাস্তবায়নের জন্য এবং দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল। |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, জাতীয় সংসদ নির্বাচন আসন্ন। উক্ত নির্বাচনে ভোট গ্রহণের জন্য ভোট কেন্দ্রের তালিকা প্রস্তুত করা হচ্ছে। পাশাপাশি জাতীয় নির্বাচন শান্তিপূর্ণ ভাবে পরিচালনার জন্য তার মন্ত্রণালয়ে নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম যথাযথভাবে এবং আসন্ন জাতীয় নির্বাচনের ভোটকেন্দ্রের তালিকা সংক্রান্ত সকল বিষয় সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনার জন্য উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাচন অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, ৬৯,০০০টি হাঁস-মুরগীর টিকা বিক্রয় করা হয়েছে। পাশাপাশি ২,২৩৯টি গবাদি পশুর চিকিৎসা করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারতি আলোচনান্তে বিভিন্ন সময়ে উদ্যোগক্তাদের মাঝে প্রশিক্ষণসহ হাঁস-মরুগী, গবাদীপশুর রোগমুক্তির জন্য প্রয়োজনীয় টিকা উপজেলা প্রাণিসম্পদ অফিসারের দপ্তরের রাখার ব্যবস্থা গ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের কনফারেন্স কক্ষের আসবাবপত্র পুরাতন হওয়ায় তা ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। আসবাপত্রগুলি মেরামত না করলে উপজেলা পরিষদের বিভিন্ন সভার পরিচালনার কার্যক্রম ব্যাহত হচ্ছে। এমতাবস্থায় আসবাবপত্র সমূহ মেরামত করা একান্ত প্রয়োজন। তিনি আরো সভায় অবহিত করেন যে, উপজেলা পরিষদের আসবাপত্র মেরামত এর জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার বিধান আছে এবং সে পরিমান অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে বর্তমানে স্থিতি আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।<br>**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কনফারেন্স কক্ষের আসবাবপত্র মেরামত এর জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং এ বিষয়ে নিম্নলিখিত ০১টি প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়। উক্ত প্রকল্পের কাজ সমাপ্তের পর প্রকল্প সভাপতি বরাবর প্রকল্পের ব্যয় পরিশোধের জন্য বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>প্রকল্পের নাম ঃ<br>১। উপজেলা পরিষদ কনফারেন্স কক্ষের আসবাবপত্র মেরামত প্রকল্প বরাদ্দ- ৫০,০০০/-<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ<br>১। (ক) জনাব এস,এম সাইফুজ্জামান, চেয়ারম্যান, পাঁচগ্রাম ইউনিয়ন পরিষদ- সভাপতি। | | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| | (খ) জনাব দেবদাস বিশ্বাস, উপসহকারী প্রকৌশলী, পিআও অফিস- সেক্রেটারী ।<br>(গ) জনাব মোঃ শাহাজাহান মিয়া, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল- সদস্য।<br>(ঘ) জনাব রফিকুল, উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল- সদস্য।<br>(ঙ) জনাব প্রস্ফুট কুমার মন্ডল, সহকারী প্রোগ্রামার- সদস্য। | | |
| বিবিধ-২ | চেয়ারম্যান, ০৫ নং সালামাবাদ ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল বলেন যে, অতিবৃষ্টির জন্য তার ইউনিয়নের মোট ৫০টি পরিবার জলাবদ্ধ হয়ে পড়ে। তার মধ্যে ১২টি পরিবারের ঘরবাড়িসহ আর্থিক ক্ষতি হয়েছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উক্ত ১২টি পরিবারকে আর্থিক সহায়তা করার প্রস্তাব রাখেন। উক্ত প্রস্তাবের আলোকে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৩(ঘ) অপ্রত্যাশিত খাত হতে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ৫,০০,০০০/- টাকা ব্যয় করার বিধান রয়েছে। এমতাবস্থায় ১২টি পরিবারের আবেদনের প্রেক্ষিতে উক্ত খাত হতে কিছু আর্থিক সাহায্য করা যায় মর্মে সকলের মতামত প্রদানের অনুরোধ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সালামাবাদ ইউনিয়নের যে ১২টি পরিবার অতিবৃষ্টির জন্য আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছে তাদের আবেদনের প্রেক্ষিতে প্রত্যেকটি পরিবারকে ২,০০০/- (দুই হাজার) টাকা করে আর্থিক সহায়তা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-৩ | উপজেলা প্রকৌশলী জানান যে, গত ২১/০৬/২০২৩ খ্রিঃ তারিখের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক কালিয়া উপজেলার বিদ্যামান (ক) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং (খ) কালিয়া উপজেলা চেয়ারম্যান-এর কোয়ার্টার কনডেম ঘোষনা করার জন্য ০২(দুই)টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন উক্ত ভবন ০২(দুই)টি কনডেম ঘোষণা করার নিমিত্ত জেলা কনডেমনেশন কমিটির নিকট জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইল এর সহযোগিতায় প্রস্তুতকৃত প্রাক্কলন ০২(দুই)টি জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।<br>৩। উপজেলা প্রকৌশলী, কালিয়া, নড়াইল। |
| বিবিধ-৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, তার দপ্তরের গোপনীয় শাখায় ব্যবহৃত কম্পিউটার ও প্রিন্ট্রার মেরামত করা প্রয়োজন। তিনি আরো বলেন গোপনীয় শাখায় ব্যবহৃত কম্পিউটারের ইউপিএস নষ্ট হওয়ার কারনে একটি নতুন ইউপিএস ক্রয় করা অতীব জরুরী। পাশাপাশি গোপনীয় শাখায় ব্যবহৃত কম্পিউটারটি এবং ব্যবহৃত প্রিন্টারটি জরুরী ভিত্তিতে মেরামত না করলে দাপ্তরিক কাজ পরিচালনা বিঘ্নিত হচ্ছে। সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা অফিস সরঞ্জামাদি মেরামত/রক্ষণাবেক্ষণ খাতে উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার বিধান আছে এবং এ পরিমান অর্থ তহবিলে বর্তমানে স্থিতি আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কাজ নিরবিচ্ছিন্ন ভাবে চলমান রাখার স্বার্থে উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল মহোদয়ের গোপনীয় শাখায় একটি নতুন ইউপিএস ক্রয়, একিটি সিপিউ ও একটি প্রিন্টার মেরামত করা হয়েছে। উক্ত মালামাল সঠিক পাওয়ায় সভায় বিস্তারিত আলোচনান্তে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দটি অনুমোদনসহ বকেয়া বিল সমূহ প্রদনের ব্যবস্থ্যা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহতি হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কৃষ্ণপদ ঘোষ)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২৩- ৯৮৪/১ (৫০)

তারিখঃ ০৮/১১/২০২৩ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ৯৩ নড়াইল-১।
৩। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক,নড়াইল।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে ।

৮। উপজেলা ......................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
১০। চেয়ারম্যান,.......................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

08.11.2023
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।

## উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরা

মাসের নাম: নভেম্বর/২০২৩ তারিখ: ০৮/১১/২০২৩

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | [illegible] চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] ৮/১১/২৩ |
| ০২। | [illegible] বেগম চেয়ারম্যান হামিদপুর | [signature] ৮/১১/২৩ |
| ০৩। | মোল্লা মাহাবুবুর রহমান-চেয়ারম্যান ৫ নং সালামাবাদ | [signature] ৮/১১/২৩ |
| ০৪। | [illegible] মো: মনিরুল ইসলাম ১৬ নং [illegible] ইউনিয়ন | [signature] ৮/১১/২৩ |
| ০৫। | এম, এম, সাইফুজ্জামান | [signature] ০৮/১১/২৩ |
| ০৬। | এম, এম, টুনু | [signature] ০৮/১১/২৩ |
| ০৭। | মোল্লা মাহাবুবুর রহমান চেয়ারম্যান ৫নং সালামাবাদ | [signature] ৮/১১/২৩ |
| ০৮। | | |
| ০৯। | | |
| ১০। | | |
| ১১। | | |
| ১২। | | |
| ১৩। | | |
| ১৪। | | |

# উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির হাজিরা

মাসের নামঃ নভেম্বর/২০২৩ , তারিখঃ- ০৮/১১/২০২৩ ।

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | | |
| 02 | | |
| ০৩ | | |
| ০৪ | মোঃ আবু রায়হান<br>উপজেলা মৎস্য অফিসার, কালিয়া, নড়াইল | [signature] |
| ০৫ | ডাঃ সুশান্ত চন্দ্র ঘোষ<br>UHFPO, UHC, Kalia | [signature] |
| ০৬ | প্রনব কান্তি বল,<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি | [signature] ০৮/১১/২৩ |
| ০৭ | আবুল কালাম মিয়াজী<br>UPIO, Kalia | [signature] 8/11/23 |
| ০৮ | এম এম ফেরদৌস<br>UAO, Kalia | Ferdous 08/11/23 |
| ০৯ | মোঃ বনিয়ার রহমান<br>ডিজিএম, পল্লী বিদ্যুৎ | [signature] 08.11.23 |
| ১০ | শংকর কুমার প্রামানিক<br>OC LSD কালিয়া (অতি:) UCF | [signature] 08.11.23 |
| ১১ | গোলাম কিবরিয়া<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | [signature] ৮/১১/২৩ |
| ১২ | মোঃ আমজাদ হোসেন<br>অফিসার, উপজেলা সমাজসেবা অফিস | [signature] ০৮/১১/২০২৩ |
| ১৩ | স্টেশন; মোঃ আঃ হান্নান<br>স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস | [signature] ০৮/১১/২৩ |
| ১৪ | কাজী শফিকুর রহমান<br>উপজেলা সমবায় অফিসার | [signature] ০৮/১১/২৩ |
| ১৫ | ডাঃ এ.এম.এম. নুরুস সালেহী<br>MO MCH-FP, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতি:) | [signature] ৮/১১/২৩ |

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ১৬ | খালিদ আহমদ উসমানী<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য প্রকৌ:) | [signature] |
| ১৭ | মো: জুলহাস মনজুর আলম<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [signature] |
| ১৮ | মো: কবিরুল ইসলাম<br>ইন্সট্রাক্টর, URC, কালিয়া | [signature] |
| ১৯ | বাসুদেব কুমার সানা<br>উপজেলা শিক্ষা অফিসার (প্র:) | [signature] ০৮/১১/২৩ |
| ২০ | মো: নাজমুল হুদা<br>উপজেলা পরিসংখ্যান অফিসার | [signature] ০৮/১১/২৩ |
| ২১ | বৃষ্টি খানম<br>উপজেলা তথ্য কেন্দ্র - কালিয়া | Brishi 08.11.23 |
| ২২ | কেয়া দাস<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [signature] ০৮/১১/২০২৩ |
| ২৩ | প্রসেনজিৎ মন্ডল<br>AE | [signature] ০৮/১১/২৩ |
| ২৪ | মো. আহসানুল মিয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | [signature] ০৮.১১.২০২৩ |
| ২৫ | প্রশান্ত কুমার দাস<br>উপজেলা সমবায় অফিসার (ভা:প্রা:) | [signature] ০৮/১১/২৩ |
| ২৬ | মো: শাহরিয়ার আহমেদ, ইউএনও, কালিয়া, আইডি নড়াইল | [signature] ০৮/১১/২৩ |
| ২৭ | মো: জাহাঙ্গীর আলম<br>উপ-সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালিয়া | [signature] ০৮/১১/২৩ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |